

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪

সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- www.cnfctg.org, www.cnfctg.net

E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৭২/২০১৬

তারিখঃ ১৫/১১/২০১৬খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (নিরাপত্তা)/চবক এর দপ্তরাদেশ নামা নং-২৯১/২০১৬ তারিখ ১৩/১১/২০১৬ সকল সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মুহা)
সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (নিরাপত্তা)/চবক এর দপ্তরাদেশ নামা নং-২৯১/২০১৬

তারিখ, চট্টগ্রামঃ ১৩ নভেম্বর, ২০১৬

১। বন্দর ব্যবহারকারী সরকারী, বেসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও অন্যান্য সকল বন্দর ব্যবহারকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণের অনুকূলে চবক এর নিরাপত্তা বিভাগ হতে প্রদত্ত Proximity Identity Card/স্থায়ী গেইট পাশ নবায়ন কার্যক্রম ০১ নভেম্বর ২০১৬ হতে ৩১ ডিসেম্বর ২০১৬ইং পর্যন্ত চলমান থাকবে।

২। উক্ত নবায়ন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে বন্দর ব্যবহারকারী প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ প্রয়োজনীয় ডকুমেন্টসসহ ডাটাবেস সম্পন্ন করে সরকার কর্তৃক নির্ধারিত ফি ৩৪৫/-টাকা [ফি ৩০০/- + ৪৫/- (১৫% ভ্যাটসহ)] প্রদান এবং সে সাথে নিরাপত্তা দপ্তরের লাইসেন্স শাখা হতে পুলিশী ভেরিফিকেশন ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণপূর্বক পূর্বের ইস্যুকৃত Proximity Identity Card/স্থায়ী গেইট পাশ জমা দিয়ে নতুন এন্ট্রি পাশ সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, ইতোপূর্বে যারা ডাটাবেস সম্পন্ন করেছেন তাদের নতুন করে ডাটাবেস এন্ট্রির প্রয়োজন হবে না।

৩। কোন প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীর Proximity Identity Card/স্থায়ী গেইট পাশ আংশিক নবায়ন করা হবে না বরং প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা/কর্মচারীদের Proximity Identity Card/স্থায়ী গেইট পাশ নবায়ন/বাতিলের মাধ্যমে হালনাগাদ করতে হবে।

৪। বিশেষভাবে উল্লেখ্য, আগামী ০১ জানুয়ারী ২০১৭ইং হতে Automated Access Control System ব্যবহার করে ইস্যুকৃত নতুন এন্ট্রি পাশ ব্যতীত বন্দর সংরক্ষিত এলাকায় প্রবেশ করতে পারবেন না।

স্বাক্ষরিত/-
পরিচালক(নিরাপত্তা)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
তারিখ-১৩/১১/২০১৬

নং-পরিনিদ/প্রক্লিমিটি আইডি কার্ড/২০১০/১৮৭৬